



নং ২৬.০০.০০০০.১৫৬.৯৯.০১৫.০৯ (অংশ).১৮২

তারিখঃ ২২ বৈশাখ ১৪২৭
০৫ মে ২০২০

বিষয়: কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে শর্তসাপেক্ষে সীমিত পরিসরে ব্যবসা-বাণিজ্য শুরু করা।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের ৪ মে তারিখের ০৪.০০.০০০০.৫১৪.০৬.০০২.২০.৯৪ নম্বর স্মারকপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্ব স্মারকপত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ রোগের বিস্তার রোধ এবং পরিস্থিতি উন্নয়নের লক্ষ্যে সার্বিক পরিস্থিতি বিবেচনায় সরকার আগামী ৭ মে ২০২০ থেকে ১৬ মে ২০২০ পর্যন্ত (সাপ্তাহিক ছুটিসহ) সাধারণ ছুটি বৃদ্ধি/জনসাধারণের চলাচলে নিষেধাজ্ঞা/সীমিত করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করেছে। এরই পরিপ্রেক্ষিতে রমজান এবং ঈদুল ফিতরকে বিবেচনায় রেখে সরকার সীমিত পরিসরে শর্তসাপেক্ষে ব্যবসা-বাণিজ্য চালু রাখার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

বর্ণিতাবস্থায়, নিম্নলিখিত শর্তসাপেক্ষে সীমিত পরিসরে দোকান-পাট ও শপিংমল আগামী ১০ মে ২০২০ তারিখ হতে সীমিত আকারে চালু করা যেতে পারে এবং সে অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

- ক. দোকান-পাট ও শপিংমলসমূহ সকাল ১০ টা হতে বিকাল ৪টার মধ্যে সীমিত রাখতে হবে;
- খ. দোকান-পাট ও শপিংমলসমূহে ক্রয়-বিক্রয়কালে পারস্পারিক শারীরিক দূরত্ব বজায় রাখাসহ অন্যান্য স্বাস্থ্যবিধির প্রতিপালন নিশ্চিত করতে হবে;
- গ. প্রতিটি শপিংমল এ প্রবেশের ক্ষেত্রে হাত ধোয়ার ব্যবস্থাসহ হ্যান্ড স্যানিটাইজারের ব্যবস্থা রাখতে হবে এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ঘোষিত সতর্কতা গ্রহণ করতে হবে;
- ঘ. শপিংমলে আগত যানবাহনসমূহকে অবশ্যই জীবাণুমুক্ত করার ব্যবস্থা রাখতে হবে;

(খন্দকার নূরুল হক)

উপসচিব (টি.ও-১ শাখা)

ফোন: ৯৫৬৯০০১


ই-মেইল: to1@mincom.gov.bd

বিতরণ:

- ১। সভাপতি, এফবিসিসিআই, ৬০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা
- ২। সভাপতি/চেয়ারম্যান, সংশ্লিষ্ট বাণিজ্য সংগঠন/চেয়ার (সকল)
- ৩। সভাপতি, বাংলাদেশ দোকান মালিক সমিতি

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৩। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- ৫। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৬। সচিব, শিল্প মন্ত্রণালয়
- ৭। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৯। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ১০। বিভাগীয় কমিশনার..... (সকল)
- ১১। জেলা প্রশাসক..... (সকল)
- ১২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [বাণিজ্য মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ১৩। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ১৪। সহকারী প্রোগ্রামার, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ]
- ১৫। অফিস কপি।



(খন্দকার নূরুল হক)

উপসচিব